# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১২৬৪১/ভোলা-১৬৫/২৫১

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলাধীন ছাগলা হাছনাইন ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার এর বিরুদ্ধে জাল জালিয়াতির মাধ্যমে, ভূয়া জন্ম নিবন্ধন ও ভূয়া ন্যাশনাল আইডি কার্ড তৈরি করে অত্র মাদ্রাসা হইতে ১৯৯৬ইং সনে দাখিল পাশের সনদ গোপন করে, প্রবাসী স্ত্রী ৩ সন্তানেরর জনীনকে আয়া পদে নিয়োগ দিয়ে অনৈতিক দাম্পত্য জীবন ও ভূয়া নিয়োগের মাধ্যমে সরকারি টাকা আত্মসাৎ করার বিষয়ে শিক্ষক কর্মচারীবৃন্ধ এর পক্ষে মোহাম্মদ আনোয়ার হোসেন অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

০৮.৯.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১২৬৪১/ভোলা-১৬৫/

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, ভোলা;
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা;
৪. সভাপতি, ছাগলা হাছনাইন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর ও থানা- বোরহানউদ্দিন, ভোলা;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ছাগলা হাছনাইন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর ও থানা- বোরহানউদ্দিন, ভোলা;
৬. মোঃ আনোয়ার হোসেন(অভিযোগকারী), সাং-কাচিয়া, ডাকঘর-বোরহানগঞ্জ, থানা- বোরহানউদ্দিন, ভোলা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৮.০৯.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অলিউর\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc

বরাবর,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ অরফানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

বিষয়ঃ **মাদ্রাসার সুপার জাল জালিয়াতির মাধ্যমে, ভূয়া জন্ম নিবন্ধন ও ভূয়া ন্যাশনাল আইডি কার্ড তৈরী করে অত্র মাদ্রাসা হতেই ১৯৯৬ইং সনে দাখিল পাশের সনদ গোপন করে, প্রবাসীর স্ত্রী ৩ সন্তানের জননীকে আয়া পদে নিয়োগ দিয়ে অনৈতিক দাম্পত্য জীবন ও ভূয়া নিয়োগের মাধ্যমে সরকারি টাকা আত্মসাৎ করার সুবিচার পাওয়ার আবেদন প্রসঙ্গে।**

মহাত্মন,

যথাবিহীত সম্মান পূর্বক নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ ভোলা জেলার অন্তর্গত বোরহানউদ্দিন উপজেলা ছাগলা হাছনাইন ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক ও কর্মচারীবৃন্দ, অত্যান্ত লজ্জাস্কর ও বেদনাদায়ক অনৈতিক কার্যকলাপ তুলে ধরলাম একটি দ্বীনি প্রতিষ্ঠানকে চরিত্র হননকারী অনৈতিক কাজের সাথে জড়িত সুপার আবুল ফয়েজ মোঃ আবদুল্লাহর হাত হতে মাদ্রাসাটি অবমুক্ত করে ধর্মীয় অনুভূতি ও এলাকার ধর্মানুরাগী সুশীল সমাজের দৃষ্টি ভঙ্গির ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠা করা আপনার সদিচ্ছার দ্বার প্রান্তে এসে বিচার প্রার্থী হয়েছি আমরা। ইতিপূর্বের তথা ২০১৮ ইং সনে সুপারের নারী গঠিত অনৈতিক কর্মকান্ডের ফলে ম্যানেজিং কমিটি তাকে চাকরি থেকে চূড়ান্ত বহিষ্কারের প্রস্তাব বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আপিল অ্যান্ড আরবিটেশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছিল। কিন্তু ফ্যাসিস্ট সরকারের অশুভ শক্তির তথা বোরহানউদ্দিন উপজেলার এমপি মুকুলের হস্তক্ষেপের ফলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড তথা আপিল অ্যান্ড আরবিটবশন বোর্ড তাহার চাকরির চূড়ান্ত বহিষ্কার শুনানী করা সম্ভব হয়নি। যাহা কপি সংযুক্ত। স্যার ইতিমধ্যে সুপার অত্র মাদ্রাসারই সাবেক ছাত্রী এবং অত্র মাদ্রাসা হতেই ১৯৯৬ইং সনে দাখিল পাশ করেছে তাহার রোল নম্বর-৬৭৭০৩, রেজিস্ট্রেশন নম্বর-১১৮০৬, প্রাপ্ত বিভাগ: ২য়, চাকরি কালীন সার্টিফিকেট অনুযায়ী তার বয়স ৪৩ বছর। এক প্রবাসীর স্ত্রী সেই প্রবাসীর ঘরে ৩সন্তান দুই ছেলে এক মেয়ে। বড় ছেলের বয়স ২৭ বছর মেজো ছেলে বয়স ২৫ বছর ছোট মেয়ের বয়স ২২ বছর। উক্ত প্রবাসীর স্ত্রীর ভূয়া আইডি কার্ড ও জন্ম নিবন্ধন সনদ তৈরী করে আয়া পদে চাকরি দেন এবং পরবর্তীতে অনৈতিক পরিনয়ে আয়াকে বিবাহ করেন। বিবাহের তারিখ:-৩১/০৫/২০২২ইং, দেন মোহর ৬০,০০০/- (ষাট হাজার) টাকা যাহা কোর্টে এফিডেফিট হয় ০১/০৬/২০২২ইং তাকে নিয়ে গোপনে বাসা ভাড়া করে বোরহানউদ্দিন এক পল্লীতে থাকেন। উক্ত আয়ার ছেলে মেয়েরা বিষয়টি অবগত হলে সুপারের বাবা ভাইয়ের নিকট তাদের মাকে ফেরত পাওয়ার আকুতি করলে সম্মিলিত ভাবে নিকাহ্ ও তালাক রেজিস্ট্রারের মাধ্যমে বিগত ৩০/১২/২০২২ইং তালাক প্রদান করেন। যাহার কপি সংযুক্ত। উক্ত তালাকের পরে সুপার আয়াকে নিয়ে গোপনে ঘর-সংসার করে যাচ্ছেন। যাহা সুপারের পরিবারবর্গ নজরদারীতে রাখেন। তারই ধারাবাহিকতায় তালাকের ১দিন পরেই সুপার সাহেব তালাক প্রাপ্ত আয়াকে নিয়ে তাহার বাড়ির নিকটস্হ রানীগঞ্জ বাজার অতিক্রম কালীন তার ভাইয়ের নজরে পরে। জিজ্ঞাসা করেন তালাক প্রাপ্ত বউকে নিয়ে তুমি কোন অধিকারে ঘুরাঘুরি করছো ? সঠিক উত্তর না দিতে পারায় বাজারের মধ্যেই সুপারকে তার ভাই বেদম ভাবে মারপিট করে। কিন্তু অত্যান্ত দুখের বিষয় স্যার উক্ত তালাক প্রাপ্ত আয়াকে নিয়ে সংসার জীবনে বহাল তবিয়তে আছেন সুপার। যার ফলে মাদ্রাসা হতে এলাকাবাসী মুখ ফিরিয়ে নেয়। এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ তাকে মাদ্রাসায় এসে হেনস্তা করে। মানসম্মত শিক্ষার পরিবেশ সম্পূর্ণরূপে বিনষ্টের অন্তরায়। আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ মহোদয়ের নিকট আত্মসম্মানের সাথে ইজ্জত ভিক্ষা চাচ্ছি। পরবর্তীতে ম্যানেজিং কমিটি তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করে। পট পরিবর্তনের ফলে সভাপতি ছিলো বোরহানউদ্দিন উপজেলা ছাত্র লীগের সভাপতি। তিনি আত্মগোপনে চলে

চলমান পাতা-২

গেলে সুপারের অপকর্মের বিচার আর হলো না। বর্তমান বি,এন,পির রাজনৈতিক মহলের সাথে সম্পৃক্ততা রক্ষা করে চলার নতুন কৌশল অবলম্বন করেন সুপার। তারই ধারাবাহিকতায় জাতীয়তাবাদী দলের রাজনৈতিক নেতাকে সম্পূর্ণ গোপনীয় ভাবে ম্যানেজিং কমিটি গঠনতন্ত্রের নির্বাচনী বিধি উপেক্ষা করে তার একক সিদ্ধান্তে সভাপতি মনোনয়ন তথা নিযুক্ত করে দাম্ভিকতার হুংকারে আজ আমরা খুবই অসাহায়ত্ব বোধ করছি। বিগত অনৈতিক সকল অপকর্ম ধামাচাপা দেওয়ার চেষ্টায় অব্যাহত আছে।

অতএব, মহোদয়ের সমীপে নিবেদন আমাদের অভিযোগের বিষয়টি সরজমিনে তদন্ত করে একজন অনৈতিক চরিত্রের সুপারের কবল থেকে ধর্মীয় প্রতিষ্ঠানের ভাবমূর্তি ফিরিয়ে আনতে আপনার একান্ত মহৎ হৃদয়ের চেয়ারম্যান মহোদয়ের হস্তক্ষেপ কামনা করছি।

নিবেদক
অত্র মাদ্রাসা পক্ষে শিক্ষক কর্মচারীবৃন্দ।

| ক্র. নং | নাম | স্বাক্ষর | ক্র. নং | নাম | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | ফাতেমা খানম | ফাতেমা খানম | ০৭ | এ. মান্নান কবির | [signature] |
| ০২ | মোঃ আবুল কাশেম | [signature] | ০৮ | মোঃ সিরাজুল ইসলাম | [signature] |
| ০৩ | কে.ইউ.এম নজরুল ইসলাম | [signature] | ০৯ | মোঃ ইদ্রিস আলী | [signature] |
| ০৪ | মোঃ আক্তার হোসেন | [signature] | ১০ | মোঃ জসিম উদ্দিন | [signature] |
| ০৫ | মোঃ আনোয়ার হোসেন | [signature] | ১১ | মোঃ বাচ্চু | [signature] |
| ০৬ | মোঃ আবু ইউছুফ | [signature] | ১২ | মোঃ সিরাজ হোসেন | [signature] |

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি দেওয়া হলো:**

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

০২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউস নিউ বেইলি রোড, ঢাকা

০৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা

**সংযুক্তি করলাম:-**

০১। বিবাহের কাবিন নামা।

০২। বিবাহের কোর্ট এফিডেফিট।

০৩। তালাক নামার কপি।

০৪। সাংবাদিকের ভিডিও ফুটেজ।

০৫। ২০১৮ সালের আপিল এন্ড আরবিটিশন বোর্ডের সমীক্ষা ফি রশিদ।

০৬। তৎকালীন তার বিরুদ্ধে শিক্ষা অফিসারের প্রতিবেদন।

০৭। তার বিরুদ্ধে জেলা প্রসাশকের প্রতিবেদনের কপি।

০৮। ডিজি মহোদয়ের শোকজ।

০৯। নির্বাহী কর্মকর্তা সুপারের বিরুদ্ধে প্রতিবেদন।

১০। ২০২৪ ইং সনে তাকে ম্যানেজিং কমিটি চাকরি হতে সাময়িক বরখাস্তের কাগজ ১৯ ফর্দ।